



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

শহীদ স্মৃতি সরকারি কলেজ, মুন্সিংগাছা, ময়মনসিংহ
ফোন: ০২৯৯৬৬৭৩০৩১, মোবাইল: ০১৩০৯১১১৯৯৯
ই-মেইল: gsscollege_mukta@yahoo.com
ওয়েবসাইট: gsscollege.gov.bd



তারিখ: ১৭/০৫/২০২৩

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক সম্মান প্রথম বর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক সম্মান প্রথম বর্ষে ভর্তিচ্ছু শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত প্রথম মেধাতালিকায় নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম আগামী ২১ মে ২০২৩ রবিবার থেকে ৩০ মে ২০২৩ মঙ্গলবার পর্যন্ত প্রতিদিন (সরকারি ছুটির দিন ব্যতীত) সকাল ১০.০০ টা থেকে বেলা ০৩.০০ টা পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত আবেদনফরম ভর্তি কমিটির নিকট প্রদর্শন করতে হবে। নির্ধারিত ফি প্রদান করে শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য বলা হলো।

ভর্তি ফি :


কলেজ অফিসের হিসাব শাখায় জমার পরিমাণ : ৩,০৯০/-
বিভাগীয় অফিসে জমার পরিমাণ : ২,৪৫০/-


ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র :

- ডাউনলোডকৃত ভর্তির আবেদনফরম ০২ কপি।
- এইচএসসি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও প্রশংসাপত্রের মূল কপি।
- এসএসসি এবং এইচএসসি রেজিস্ট্রেশন কার্ড, একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও প্রশংসাপত্রের ফটোকপি (০২ সেট)।
- সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ৫ কপি রঙিন ছবি।
- প্রাথমিক আবেদনপত্রের ফটোকপি।
- প্রয়োজ্য ক্ষেত্রে পাঠবিবর্তির সনদ।
- কলেজ কর্তৃক সরবরাহকৃত ভর্তি ফরম সংগ্রহ ও যথাযথভাবে পূরণ করে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

[বি:দ্র: ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীকে হিসাব শাখায় ভর্তি ফি জমা দিয়ে শিক্ষক পরিষদ কার্যালয়ে ভর্তি কমিটির কাছ থেকে সাময়িক পরিচয়পত্র গ্রহণ করে বিভাগ থেকে স্বাক্ষর করাতে হবে।]

ভর্তিকৃত শিক্ষার্থীদের উদ্বোধনী ক্লাস: ১ জুন ২০২৩; বৃহস্পতিবার


১৭.০৫.২০২৩
প্রফেসর মোঃ ইদ্রিস আলী (০০৯৭৫১)
বি.সি.এস (সাধারণ শিক্ষা)
অধ্যক্ষ
শহীদ স্মৃতি সরকারি কলেজ
মুন্সিংগাছা, ময়মনসিংহ


১৭.০৫.২০২৩
শাহ মুহাম্মদ মাহফুজুল বারী (০০০১৫৩৫৭)
সহযোগী অধ্যাপক, বাংলা
আহবায়ক
স্নাতক সম্মান প্রথম বর্ষ ভর্তি কমিটি ২০২২-২০২৩
শহীদ স্মৃতি সরকারি কলেজ
মুন্সিংগাছা, ময়মনসিংহ